

মিডিয়া বিজ্ঞপ্তি

সামিট গ্রুপের নেতৃত্বে কৌশলগত পরিবর্তন



ফটো ক্যাপশন: (বাম থেকে তৃতীয়) মুহাম্মদ আজিজ খান, সামিট গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, (বামে) জাফর উম্মিদ খান, চেয়ারম্যান, সামিট অয়েল অ্যান্ড শিপিং কোম্পানি লিমিটেড (এসওএসসিএল), (বাম থেকে দ্বিতীয়), ফরিদ খান, চেয়ারম্যান, সামিট কমিউনিকেশনস লিমিটেড এবং সামিট টাওয়ারস লিমিটেড এবং (ডানে) লতিফ খান, চেয়ারম্যান, সামিট পাওয়ার লিমিটেড (এসপিএল)।

(ঢাকা, ২৯ শে এপ্রিল, ২০২৪, সোমবার): বাংলাদেশের সর্ববৃহৎ অবকাঠামো উন্নয়নকারী প্রতিষ্ঠান সামিট গ্রুপের পরিচালনা পর্ষদ প্রতিষ্ঠানটির নেতৃত্বে কৌশলগত পরিবর্তনের অংশ হিসেবে জাফর উম্মিদ খানকে সামিট অয়েল অ্যান্ড শিপিং কোম্পানি লিমিটেডের (এসওএসসিএল) চেয়ারম্যান (১৭ই এপ্রিল, ২০২৪ থেকে কার্যকর) এবং লতিফ খানকে শেয়ারবাজারের তালিকাভুক্ত কোম্পানি সামিট পাওয়ার লিমিটেডের (এসপিএল) চেয়ারম্যান পদে (২৯ শে এপ্রিল, ২০২৪ থেকে কার্যকর) নির্বাচনের অনুমোদন করেছেন। তাঁরা দুজন ইতিপূর্বে যথাক্রমে প্রতিষ্ঠানগুলোর ভাইস-চেয়ারম্যান পদে কর্মরত ছিলেন।

গুরুত্বপূর্ণ এই সিদ্ধান্তের বিষয়ে মুহাম্মদ আজিজ খান বলেন, “সামিটের মাধ্যমে বাংলাদেশের অবকাঠামো উন্নয়নে অবদান রাখতে পারা আমার জীবনের অন্যতম সেরা অর্জন। আমি গত এক দশক যাবৎ ধরে নেতৃত্বের দায়িত্ব পরিবর্তনের পরিকল্পনা করে আসছি। এর অংশ হিসেবে প্রাথমিকভাবে আমরা ভাইয়েরা আমাদের সন্তানদের ব্যবসার সঙ্গে যুক্ত করি আর আমার ভাইয়েরা প্রতিষ্ঠানের ভাইস-চেয়ারম্যানের দায়িত্ব পালন করছিলেন। এ বছর আমি ৭০ বছরে পা দিয়েছি আর তাই নতুন নেতৃত্বকে স্বাগত জানানোর এখনই উপযুক্ত সময়। দেশের সর্ববৃহৎ অবকাঠামো উন্নয়নকারী প্রতিষ্ঠান হিসেবে দেশ ও জাতির প্রতি আমাদের দায়িত্ব সম্পর্কে আমরা সবসময়ই সচেতন। নতুন নেতৃত্বের সফল যাত্রাতে আমি তাঁদের জন্য সবার কাছে বিনীতভাবে দোয়া ও সহায়তা চাচ্ছি।”

জাফর উম্মিদ খান বলেন, “আমার চেয়ারম্যান আমাকে সামিট অয়েল অ্যান্ড শিপিংয়ের চেয়ারম্যান পদের দায়িত্ব হস্তান্তর করেছেন। আমার প্রত্যাশা এই প্রতিষ্ঠানকে আরও সফল অবস্থায় পরবর্তী প্রজন্মের কাছে দিতে পারব, এটাই এখন আমার মূল লক্ষ্য।”

লতিফ খান বলেন, “আমাদের প্রিয় বড় ভাই ও প্রতিষ্ঠাতা চেয়ারম্যানের নির্দেশনার অধীনেই আমরা নতুন পদে দায়িত্ব পালন করব। আমি ব্যক্তিগতভাবে আজিজ ভাই এবং সামিটের কাছে দায়িত্ব পালনে প্রতিশ্রুতিবদ্ধ।”

ইতিমধ্যে ভাইদের মধ্যে ফরিদ খান সামিট কমিউনিকেশনস লিমিটেড ও সামিট টাওয়ারস লিমিটেডের চেয়ারম্যান পদে যথাক্রমে ২০২১ সালের ২৮শে ডিসেম্বর এবং ২০২২ সালের ৩০শে মে থেকে দায়িত্ব পালন করছেন।

সামিট গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান সামিটের বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলোর হোল্ডিং কোম্পানি সামিট করপোরেশন লিমিটেড এবং সিঙ্গাপুরের সামিট পাওয়ার ইন্টারন্যাশনালের চেয়ারম্যান পদে কর্মরত থাকবেন। এ ছাড়াও গ্রুপের অধীনে অন্যান্য কোম্পানিগুলোর পরিচালকের দায়িত্ব পালন করবেন তিনি।

- সামিট পাওয়ার ইন্টারন্যাশনাল: <https://summitpowerinternational.com>
- সামিট অয়েল অ্যান্ড শিপিং কোম্পানি লিমিটেড (এসওএসসিএল): <https://www.soscl.net/>
- সামিট পাওয়ার লিমিটেড (এসপিএল): <https://summitpowerinternational.com/SPL>
- সামিট কমিউনিকেশনস লিমিটেড: <https://www.summitcommunications.net/>